# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

সেট : (ক)

অনলাইন অর্ধবার্ষিক পরীক্ষা-২০২০

| বিষয় কোড | | |
|---|---|---|
| ১ | ৫ | ৩ |

## শ্রেণি ঃ ৯ম

## বিষয় ঃ বাংলাদেশ ইতিহাস ও বিশ্বসভ্যতা (বহুনির্বাচনী অভীক্ষা)

সময় — ৩০ মিনিট

পূর্ণমান — ৩০

নাম ..................................................................................... রোল নং ......................... শাখা ....................

[ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করতে হবে। প্রতিটি প্রশ্নের মান-১। প্রশ্ন পত্রে কোন প্রকার দাগ / চিহ্ন দেওয়া যাবে না। ]

১। গ্রিক লেখকদের কথায় কী নামে বাংলাদেশে এক শক্তিশালী রাজ্য ছিল ?

(ক) সমতট (খ) চন্দ্রদ্বীপ
(গ) গঙ্গারিডই (ঘ) বঙ্গ

২। ধর্মপাল কোথায় বৌদ্ধবিহার নির্মাণ করেন?

(ক) সোমপুরে (খ) পাহাপুরে
(গ) মহাস্থানগড়ে (ঘ) ভাগলপুরে

৩। শশাঙ্কের ক্ষেত্রে সমর্থন যোগ্য-

*i.* হিউয়েন সাং তাঁকে স্বৈরাচারী শাসক হিসেবে অধ্যায়িত করেছেন
*ii.* শৈব ধর্মের উপাসক ছিলেন
*iii.* প্রাচীন বাংলার ইতিহাসে তিনি প্রথম গুরুত্বপূর্ণ সার্বভৌম শাসক ছিলেন

নিচের কোনটি সঠিক?

(ক) *i* (খ) *ii*
(গ) *i* ও *iii* (ঘ) *ii* ও *iii*

◉ নিচের অনুচ্ছেদটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:

আলম কেরানীগঞ্জের কালিগঞ্জ বাজারে ব্যবসা করতে এসে বিয়ে করে, স্থায়িভাবে বসবাস করতে শুরু করে। তিনি ব্যবসায় উন্নতি করে বংশ পরিচয় পরিবর্তন করে সিকদার থেকে তালুকদার হিসেবে পরিচিতি লাভ করে এবং বাজার সমিতির সভাপতি নির্বাচিত হয়। পরবর্তীতে তার বংশধরেরা অত্র বাজার সমিতির সভাপতির পদ বহাল রেখে প্রভাবশালী হয়ে দীর্ঘদিন তাদের বংশমর্যাদা বজায় রাখে। কিন্তু তাদেরকে ব্রক্ষক্ষত্রিয় বলা হতো।

৪। উদ্দীপকে বংশের লোকদের কেন 'ব্রক্ষক্ষত্রিয়" বলা হয়?

(ক) প্রথমে ব্রাক্ষন ছিল পরের ক্ষত্রিয় হয়েছে
(খ) প্রথমে ক্ষত্রিয় ছিল পরে ব্রাক্ষন হয়েছে
(গ) রাজ্য বিস্ত্মার করেছে
(ঘ) অন্য রাজ্যে গিয়ে অধিপতি হয়েছে

৫। উক্ত আলম সিকদারের কর্মকান্ড দ্বারা প্রাচীন বাংলার যে শাসকের প্রতিচ্ছবি ফুটে উঠেছে-

*i.* মহীপাল
*ii.* বল্লাল সেন
*iii.* সামন্ত্ম সেন

নিচের কোনটি সঠিক?

(ক) *ii* (খ) *ii* ও *iii*
(গ) *iii* (ঘ) *i*, *ii* ও *iii*

৬। বখতিয়ার খলজি কত খ্রিষ্টাব্দে মারা যান ?

(ক) ১২০৪ খ্রিষ্টাব্দে (খ) ১২০৫ খ্রিষ্টাব্দে
(গ) ১২০৬ খ্রিষ্টাব্দে (ঘ) ১২০৭ খ্রিষ্টাব্দে

৭। কে ইলিয়াস শাহি রাজবংশ প্রতিষ্ঠা করেন?

(ক) শামসুদ্দিন ইলিয়াস শাহ্
(খ) ইখতিয়ার উদ্দিন গাজি শাহ্
(গ) ফখরুদ্দিন মুবারক শাহ্
(ঘ) সুলতান ফিরোজ শাহ্

৮। বারভূঁইয়াদের নামের সাথে সাদৃশ্যপূর্ণ-

*i.* নাসির খান
*ii.* ঈসা খান
*iii.* মুসা খান

নিচের কোনটি সঠিক?

(ক) *i* ও *ii* (খ) *i* ও *iii*
(গ) *ii* ও *iii* (ঘ) *i*, *ii* ও *iii*

◉ নিচের অনুচ্ছেদটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:

জুবায়ের স্বীয় কর্মশক্তিতে বিশ্বাসী ছিলেন বিধায় নিজ বুদ্ধি বলে ১২০৪ খ্রিষ্টাব্দে নদীয়া জয়ের মধ্য দিয়ে বাংলার সর্বপ্রথম মসলিম শাসনের গোড়াপত্তন করেন।

৯। জুবায়েরের কর্মকান্ডে কার বৈশিষ্ট্য ফুটে উঠেছে ?

(ক) লক্ষণ সেন (খ) বখতিয়ার খলজি
(গ) ইওজ খলজি (ঘ) বিজয় সেন

১০। উক্ত শাসকের আক্রমণের মধ্য দিয়ে বাংলার যে বংশের শাসনের অবসান ঘটে তা হলো-

(ক) পাল বংশ (খ) সেন বংশ
(গ) খড়গ বংশ (ঘ) দেব বংশ

১১। হিন্দু সমাজে উল্লেখযোগ্য কয়টি বর্ণ প্রচলিত ছিল ?

(ক) দুটি (খ) তিনটি
(গ) চারটি (ঘ) পাঁচটি

১২। বড় সোনা মসজিদের আরেক নাম হিসেবে নিচের কোনটি সমর্থনযোগ্য ?

(ক) আদিনা মসজিদ (খ) একলাখী মসজিদ
(গ) ছোট সোনা মসজিদ (ঘ) বারদুয়ারী মসজিদ

১৩। গৌড় অবস্থিত "কদম রসুল" এর বিশেষত্ব হলো-

*i.* নসরৎ শাহ এটি নির্মাণ করেছিলেন
*ii.* এটি জাতিসংঘের ইউনেস্কো কর্তৃক বিশ্ব সভ্যতার নিদর্শন
*iii.* এ ভবনের একটি কক্ষে কালো কারুকার্য খচিত মর্মর বেদীর উপরে হযরত মুহাম্মদ (সাঃ) এর পদাচিহ্ন সংবলিত একখন্ড প্রস্ত্মর স্থাপিত হয়েছিল

নিচের কোনটি সঠিক?

(ক) *i* ও *ii* (খ) *i* ও *iii*
(গ) *ii* ও *iii* (ঘ) *i*, *ii* ও *iii*

◉ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:**

কনিকা বড়ুয়া ও রহিমা খাতুন একই সঙ্গে প্রাথমিক বিদ্যালয় থেকে পঞ্চম শ্রেণি পাস করেন কনিকা বড়ুয়া মাধ্যমিক স্কুলে ভর্তি হয়। কিন্তু রহিমা খাতুনের বাবা মেয়েদের মাধ্যমিক স্কুলে পড়াকে চরম অমর্যাদা মনে করেন। তাই রহিমার লেখাপড়া করে দিয়ে বিয়ে দেন। রহিমা বিয়ের পরে সাত সন্তানের মা হয়ে শারীরিক মানসিক ও আর্থিকভাবে ভেঙ্গে পড়ে।

**১৪।উদ্দীপকের রহিমার কর্মকান্ডে কোন সময়ের প্রতিচ্ছবি লক্ষ করা যায়?**

(ক) প্রাচীন যুগের (খ) মধ্য যুগের
(গ) আধুনিক যুগের (ঘ) প্রাক ঐতিহাসিক যুগের

**১৫। রহিমার বাবার এরুপ মানসিকতা উপযুক্ত কারণ-**

*i.* ধর্মীয় কুসংকার *ii.* সামাজিক রীতি
*iii.* শিক্ষার অভাব

**নিচের কোনটি সঠিক?**

(ক) *i* ও *ii* (খ) *i* ও *iii*
(গ) *ii* ও *iii* (ঘ) *i, ii* ও *iii*

**১৬।ভাস্কোর-ডা-গামা ভারতের কোন বন্দরে এসে উপস্থিত হন?**

(ক) দিল্লী (খ) কালিকট
(গ) বোম্বাই (ঘ) কলকাতা

**১৭।নিচের কোন সালটির ছিয়াত্তরের মন্বন্তরের সাথে সাদৃশ্য রয়েছে?**

(ক) ১৭৭০ (খ) ১৭৮০
(গ) ১৭৮৫ (ঘ) ১৭৯০

**১৮।পলাশীর যুদ্ধে নবাবের পতনের যথার্থ কারণ-**

*i.* মীর জাফরের বিশ্বাসঘাতকতা
*ii.* তরুন নবাবের দৃঢ়তার অভাব
*iii.* নবাবের শত্রুপক্ষ ছিল ঐক্যবন্ধ

**নিচের কোনটি সঠিক?**

(ক) *i* ও *ii* (খ) *i* ও *iii*
(গ) *ii* ও *iii* (ঘ) *i, ii* ও *iii*

◉ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**

স্যামুয়েল স্বরুপকাঠী থেকে বানারীপাড়ায় ব্যবসা করতে এসে আধিপত্য বিস্মার করে এবং অন্যান্য এলাকা থেকে আসা ব্যবসায়ীদের তাড়িয়ে দেয়। পরবর্তীতে তিনি রাজনীতির সাথে জড়িয়ে ক্ষমতা দখল করে অত্র এলাকায় অধিপতি হয়।

**১৯।উক্ত সময়ে বাংলার কোন পন্যটি জগৎবিখ্যাত ছিল?**

(ক) মসলিন কাপড় (খ) ভাত ও মাছ
(গ) কুটির শিল্প (ঘ) পাট

**২০। সে সময় অন্যান্য এলাকার ব্যবসায়ীরা হলো-**

*i.* পর্তুগিজ *ii.* ফরাসি *iii.* ইংরেজ

**নিচের কোনটি সঠিক?**

(ক) *i* ও *ii* (খ) *i* ও *iii*
(গ) *ii* ও *iii* (ঘ) *i, ii* ও *iii*

**২১।রাজা রামমোহন রায়ের ক্ষেত্রে কোনটি সমর্থনযোগ্য ?**

(ক) ভারতীয় রেনেসাঁর স্রষ্টা
(খ) ভারতীয় উপমহাদেশের স্রষ্টা
(গ) ভারতীয় হিন্দুদের আদর্শ
(ঘ) ভারতীয় উপমহাদেশের শ্রেষ্ঠ নেতা

**২২। মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয় কখন?**

(ক) ১৯০৪ খ্রিষ্টাব্দে (খ) ১৯০৬ খ্রিষ্টাব্দে
(গ) ১৯০৭ খ্রিষ্টাব্দে (ঘ) ১৯০৮ খ্রিষ্টাব্দে

**২৩। মুসলমান মেয়েদের বন্দিদশা থেকে মুক্তির ডাক দানকারী হিসেবে কে অধিক যুক্তিযুক্ত ?**

(ক) বেগম রকেয়া (খ) বেগম ফয়জুন্নেসা
(গ) রাজা রামমোহন রায় (ঘ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

**২৪। ফকির সন্ন্যাসীরা জীবিকা নির্বাহ করত-**

*i.* ভিক্ষাবৃত্তির মাধ্যমে
*ii.* ব্যবসার মাধ্যমে
*iii.* মুষ্টি সংগ্রহের মাধ্যমে

**নিচের কোনটি সঠিক?**

(ক) *i* ও *ii* (খ) *i* ও *iii*
(গ) *ii* ও *iii* (ঘ) *i, ii* ও *iii*

**২৫। নওয়াব আব্দুল লতিফের সারা জীবনের কর্মের মূল উদ্দেশ্য ছিল-**

*i.* মুসলমান সম্প্রদায়ের প্রতি বিদ্বেষ মনোভাব দূর করা
*ii.* মুসলমান সমাজের উন্নতি সাধন
*iii.* হিন্দু ও মুসলমানের মধ্যে মৈত্রী স্থাপন

**নিচের কোনটি সঠিক?**

(ক) *i* ও *ii* (খ) *i* ও *iii*
(গ) *ii* ও *iii* (ঘ) *i, ii* ও *iii*

**২৬। উপমহাদেশে ভাগ হয় কখন ?**

(ক) ১৯৪৫ খ্রিষ্টাব্দে (খ) ১৯৪৬ খ্রিষ্টাব্দে
(গ) ১৯৪৭ খ্রিষ্টাব্দে (ঘ) ১৯৪৮ খ্রিষ্টাব্দে

**২৭। স্বদেশি আন্দোলনের ক্ষেত্রে কোনটি সমর্থনযোগ্য?**

(ক) হিন্দু মুসলমান সম্পর্কের উন্নতি
(খ) হিন্দু মুসলমান সম্পর্কের ফাটল
(গ) হিন্দু বৌদ্ধ সম্পর্কের ফাটল
(ঘ) হিন্দু খ্রিষ্টান সম্পর্কের ফাটল

**২৮। বঙ্গভঙ্গ রদের ফলে-**

*i.* হিন্দু সম্প্রদায় খুশি হয়
*ii.* মুসলমান সম্প্রদায় প্রচন্ড মর্মাহত হয়
*iii.* ব্রিটিশ সরকার ক্ষতিগ্রস্থ হয়

**নিচের কোনটি সঠিক?**

(ক) *i* ও *ii* (খ) *i* ও *iii*
(গ) *ii* ও *iii* (ঘ) *i, ii* ও *iii*

◉ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:**

হলদিয়া ইউনিয়নের আয়তন বেশী হওয়ার কারণে জব্বার চেয়ারম্যান সমস্ত এলাকায় সমান সুযোগ সুবিধা পৌঁছাতে ব্যর্থ হয়। তাই তিনি উক্ত ইউনিয়নকে আলাদা ইউনিটে ভাগ করেন।

**২৯।হলদিয়া ইউনিয়ন ভাগের সাথে ঐতিহাসিক যে বিষয়টির মিল রয়েছে সেটি ভাগের অন্যতম প্রধান কারণ কোনটি?**

(ক) প্রশাসনিক (খ) অর্থনৈতিক
(গ) সামাজিক (ঘ) সাংস্কৃতিক

**৩০। উদ্দীপকের সাথে সংগতিপূর্ণ ঐতিহাসিক ঘটনাটির ফলাফল ছিল?**

*i.* হিন্দুদের চরম অসন্তোষ
*ii.* মুসলমানদের চরম অসন্তোষ
*iii.* মিত্র প্রতিক্রিয়া

**নিচের কোনটি সঠিক?**

(ক) *i* ও *ii* (খ) *i* ও *iii*
(গ) *ii* ও *iii* (ঘ) *i, ii* ও *iii*